বাংলা একাডেমি, ঢাকা
৩ কাজী নজরুল ইসলাম অ্যাভিনিউ, রমনা, ঢাকা ১০০০
ফোন:৮৮-০২-৫৮৬১১২৫৬
ই-মেইল : cultureba.jsm@gmail.com
ওয়েবসাইট : www.banglaacademy.gov.bd
সংস্কৃতি উপবিভাগ

## বিভাগ, উপবিভাগের পরিচিতি

বিভাগের নাম : সংস্কৃতি, পত্রিকা ও মিলনায়তন বিভাগ। এ বিভাগে ৩টি উপবিভাগ রয়েছে।

ক. সংস্কৃতি উপবিভাগ
খ. পত্রিকা উপবিভাগ
গ. মিলনায়তন উপবিভাগ

ক. সংস্কৃতি উপবিভাগ : বাংলা সাহিত্য-সংস্কৃতি ও বাঙালি মনীষার নানা উৎসের অনুসন্ধান ও তার ব্যাখ্যা-বিশ্লেষণে সভা, সম্মেলন, আলোচনা অনুষ্ঠান আয়োজন এবং গ্রন্থ প্রকাশ সংস্কৃতি উপবিভাগের প্রধানতম কর্মাঞ্চল।এছাড়া, এই উপবিভাগ বাংলাদেশের প্রতিভাবান লেখক, প্রশিক্ষিত গবেষক, অনুবাদক, সংস্কৃতিমনস্ক ব্যক্তি ও বুদ্ধিজীবীদের বিভিন্ন পুরস্কার এবং ফেলোশিপ প্রদানের ব্যবস্থা গ্রহণ করে থাকে।পাশাপাশি বিভিন্ন জাতীয় দিবস উদযাপনের সার্বিক ব্যবস্থা গ্রহণ করে।বাংলাদেশের বিশিষ্ট কন্ঠশিল্পী ও যন্ত্রশিল্পীদের অংশগ্রহণে বিষয়ভিত্তিক সংগীতানুষ্ঠান, কবিদের স্বকণ্ঠে কবিতাপাঠ ও আবৃত্তিশিল্পীদের অংশগ্রহণে আবৃত্তি অনুষ্ঠানের আয়োজন করে।অমর একুশে বইমেলায় নিজস্ব সাহিত্য ও সংস্কৃতিকে তুলে ধরার লক্ষ্যে মাসব্যাপী আলোচনা অনুষ্ঠান ও একুশের মঞ্চে বিভিন্ন সাংস্কৃতিক সংগঠনের অংশগ্রহণে বৃন্দআবৃত্তি, দলীয়সংগীত, নৃত্য, নাটক, যাত্রাপালা উপস্থাপনের ব্যবস্থা গ্রহণ করে।সম্প্রতি এই উপবিভাগ বাংলাদেশের প্রান্তিক লেখকদের জাতীয় পর্যায়ে তুলে ধরার লক্ষ্যে জাতীয় ও আঞ্চলিক সাহিত্যমেলার আয়োজনে মুখ্য সমন্বয়কের ভূমিকা পালন করেছে।

খ. পত্রিকা উপবিভাগ : এই উপবিভাগ থেকে সৃষ্টিশীল লেখকের (নবীন ও প্রবীণ)সুলিখিত গল্প, কবিতা, প্রবন্ধ, সংগীত, ভ্রমণ, চলচ্চিত্র, মনস্তত্ত্ব নিয়ে ত্রৈমাসিক সাহিত্য পত্রিকা ‘উত্তরাধিকার’ এবং শিশু কিশোর উপযোগী, বিচিত্র বিষয়ভিত্তিক, চিত্তাকর্ষক রচনা ও প্রাসঙ্গিক অলংকরণকৃত ত্রৈমাসিক পত্রিকা ‘ধানশালিকের দেশ’ প্রকাশিত হয়।এই দুটি পত্রিকা দেশব্যাপী অর্জন করেছে বিপুল পাঠকপ্রিয়তা ও জনপ্রিয়তা।

গ. মিলনায়তন উপবিভাগ : বাংলা একাডেমির আধুনিক মানসম্পন্ন ৩টি মিলনায়তন ও একাডেমি প্রাঙ্গণে নজরুল মঞ্চ ও ভাষা-শহিদ মুক্তমঞ্চ নামে দুটি মঞ্চ রয়েছে।মিলনায়তন উপবিভাগ এই ৩টি মিলনায়তন পরিচালনা করে। ৩টি মিলনায়তন এবং মঞ্চে বাংলা একাডেমির সকল অনুষ্ঠান আয়োজনের পাশাপাশি শিল্প, সাহিত্য, সংস্কৃতির বিকাশে ভূমিকা পালনকারী বিভিন্ন ব্যক্তি, প্রতিষ্ঠান, সংস্থা ও সংগঠনকে ভাড়া প্রদান করে এ উপবিভাগ।

## সংস্কৃতি উপবিভাগের কার্যাবলি :

### ক. পুরস্কার :

বাংলা একাডেমি প্রতিষ্ঠালগ্ন থেকেই বাংলা ভাষা, সাহিত্য ও সংস্কৃতির গবেষণা, প্রকাশনা ও অনুবাদের মাধ্যমে জ্ঞানভিত্তিক এবং ঐতিহ্যমণ্ডিত, সংস্কৃতিমনস্ক জাতি গঠনে নিরলস কাজ করে চলেছে। এরই অংশ হিসেবে বিভিন্ন বিষয়ে গবেষণা ও সৃজনশীলতাকে উৎসাহিত করে লক্ষ্য অর্জনের পথে এগিয়ে চলতে সংস্কৃতি উপবিভাগ প্রতিবছর ও একবছর অন্তর মোট ১৪টি পুরস্কার প্রদান করে। এর মধ্যে রয়েছে বাংলা একাডেমির নিজস্ব সাহিত্য পুরস্কার এবং পারিবারিক অর্থায়নে পরিচালিত সাহিত্য পুরস্কার।

১. বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার

বাংলা ভাষা ও সাহিত্যের সমসাময়িক জীবিত লেখকদের মৌলিক এবং সামগ্রিক অবদান চিহ্নিত করে তাঁদের সৃজন প্রতিভার স্বীকৃতি প্রদানের মাধ্যমে শিক্ষা ও সংস্কৃতির ক্ষেত্রে অনুকূল পরিবেশ সৃষ্টির লক্ষ্যেই ১৯৬০ সাল থেকে প্রতিবছর বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার প্রদান করে। সাহিত্যের ১১টি শাখায় (কবিতা, কথাসাহিত্য, প্রবন্ধ/গবেষণা, অনুবাদ, নাটক, শিশুসাহিত্য, মুক্তিযুদ্ধভিত্তিক গবেষণা, বঙ্গবন্ধুবিষয়ক গবেষণা, বিজ্ঞান/কল্পবিজ্ঞান/পরিবেশ বিজ্ঞান, আত্মজীবনী/স্মৃতিকথা/ভ্রমণকাহিনি এবং ফোকলোর) বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার প্রদান করা হয়। প্রতিটি পুরস্কারের অর্থমূল্য ৩,০০,০০০.০০ (তিন লক্ষ) টাকা।

২. সৈয়দ ওয়ালীউল্লাহ্ সাহিত্য পুরস্কার

আন্তর্জাতিক পরিসরে বাংলা ভাষা ও সাহিত্যচর্চা এবং বাংলা ভাষা ও সাহিত্যবিষয়ক গবেষণাকে উৎসাহিত করতে বাংলা একাডেমি এক বছর অন্তর প্রবাসী অনূর্ধ্ব দুজন সাহিত্যিক/গবেষকদের অথবা ভিন্নভাষী বিদেশি গবেষকদের (যাঁরা বাংলা ভাষা, সাহিত্য ও সংস্কৃতি নিয়ে কাজ করেন) সৈয়দ ওয়ালীউল্লাহ্ সাহিত্য পুরস্কার প্রদান করে। প্রতিটি পুরস্কারের অর্থমূল্য ১,০০,০০০.০০ (এক লক্ষ) টাকা।

৩. কবি জসীমউদদীন সাহিত্য পুরস্কার

বাংলা একাডেমি কবি জসীমউদদীনের অনন্য অবদান স্মরণে ২০১৯ সাল থেকে এক বছর অন্তর কবি জসীমউদদীন সাহিত্য পুরস্কার প্রদান করে। বাংলা ভাষা ও সাহিত্যের যেকোনো শাখায় সার্বিক অবদানের স্বীকৃতিস্বরূপ একজন কৃতি ও খ্যাতিমান সাহিত্যিককে এই পুরস্কার প্রদান করা হয়। পুরস্কারের অর্থমূল্য ২,০০,০০০.০০ (দুই লক্ষ) টাকা।

৪. রবীন্দ্র পুরস্কার

রবীন্দ্র সাহিত্যের (কবিতা, ছোটোগল্প, উপন্যাস, নাটক, শিশুসাহিত্য, প্রবন্ধসাহিত্য ইত্যাদি) যেকোনো বিষয়ে গবেষণা, সমালোচনা, অনুবাদ ও রবীন্দ্রসংগীত চর্চার ক্ষেত্রে ২০১০ সাল থেকে প্রতি বছর বাংলা একাডেমি রবীন্দ্র পুরস্কার প্রদান করে। গত ৪বছর ১জন রবীন্দ্র গবেষক/সমালোচক/রবীন্দ্রসংগীত-শিল্পীকে এই পুরস্কার প্রদান করা হলেও ২০২৪ সাল থেকে পুনরায় (রবীন্দ্রসাহিত্যের গবেষণা, সমালোচনা ও অনুবাদে ১টি এবং রবীন্দ্রসংগীত চর্চায় ১টি) ২টি পুরস্কার প্রদান করা হবে। প্রতিটি পুরস্কারের অর্থমূল্য ১,০০,০০০.০০ (এক লক্ষ) টাকা।

৫. নজরুল পুরস্কার

নজরুল সাহিত্যের গবেষণা (কবিতা, ছোটোগল্প, উপন্যাস, নাটক, শিশুসাহিত্য, প্রবন্ধসাহিত্য ইত্যাদি) সমালোচনা, অনুবাদ ও নজরুলসংগীত চর্চায় ২০২২ সাল থেকে বাংলা একাডেমি ‘নজরুল পুরস্কার’ প্রবর্তন

করে। প্রতি বছর ১জন নজরুল গবেষক/সমালোচক/নজরুলসংগীত-শিল্পীকে এই পুরস্কার প্রদান করা হয়। পুরস্কারের অর্থমূল্য ২,০০,০০০.০০ (দুই লক্ষ) টাকা।

<u>পারিবারিক অর্থায়নে পরিচালিত পুরস্কার</u>

৬. সা'দত আলি আখন্দ সাহিত্য পুরস্কার

মৌলবি সা'দত আলি আখন্দ-এর কন্যা তাহমিনা হোসেনের প্রদত্ত অর্থে বাংলা একাডেমি প্রতি বছর সা'দত আলি আখন্দ সাহিত্য পুরস্কার প্রদান করে। সমকালীন বাংলা সাহিত্যে সামগ্রিক অবদান অথবা উল্লেখকৃত (কবিতা, ছোটোগল্প, উপন্যাস, শিশুসাহিত্য, প্রবন্ধসাহিত্য, ভাষা ও সাহিত্য, গবেষণা এবং সাহিত্যের অনুবাদ) যেকোনো শাখায় উল্লেখযোগ্য অবদান ও তাঁদের সৃষ্টিশীল প্রতিভার স্বীকৃতিস্বরুপ ১৯৯০ সাল থেকে বাংলা একডেমি সা'দত আলি আখন্দ সাহিত্য পুরস্কার প্রদান করে। পুরস্কারের অর্থমূল্য ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকা। পুরস্কারের তহবিল বাংলা একাডেমি পরিচালনা করে। তহবিলের অর্থ ব্যাংকে মেয়াদি হিসাবে গচ্ছিত রাখা হয়েছে এবং এর মুনাফা থেকে প্রতি বছর পুরস্কার প্রদানের ব্যয় নির্বাহ করা হয়।

৭. হালীমা-শরফুদ্দীন বিজ্ঞান পুরস্কার

বিজ্ঞান লেখক ড. আবদুল্লাহ আল-মুতি শরফুদ্দীনের প্রদত্ত অর্থে বাংলা ভাষার জনপ্রিয় বিজ্ঞান ও প্রযুক্তিবিষয়ক লেখকদের উল্লেখযোগ্য অবদান ও তাঁদের সৃষ্টিশীল প্রতিভার স্বীকৃতি প্রদানে বাংলা একাডেমি ১৯৯২ সাল (১৩৯৯ বঙ্গাব্দ) থেকে দ্বি-বার্ষিক হালীমা-শরফুদ্দীন বিজ্ঞান পুরস্কার প্রদান করে। পুরস্কার প্রদানের বছর ও অব্যবহিতপূর্ববর্তী বছরে প্রকাশিত মানসম্পন্ন বিজ্ঞান ও প্রযুক্তিবিষয়ক গ্রন্থ (শিক্ষা, গবেষণা, সংগঠন ও সেবা এবং বিজ্ঞান-সাংবাদিকতা) এই পুরস্কারের জন্য বিবেচিত হয়। পুরস্কারের অর্থমূল্য ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকা। পুরস্কারের তহবিল বাংলা একাডেমি পরিচালনা করে। তহবিলের অর্থ ব্যাংকে মেয়াদি হিসাবে গচ্ছিত রাখা হয়েছে এবং এর মুনাফা থেকে পুরস্কার প্রদানের ব্যয় নির্বাহ করা হয়।

৮. কবীর চৌধুরী শিশুসাহিত্য পুরস্কার এবং মেহের কবীর বিজ্ঞানসাহিত্য পুরস্কার

প্রয়াত অধ্যাপক, শিক্ষাবিদ কবীর চৌধুরীর অর্থায়নে বাংলা একাডেমি প্রতি দুই বছরের প্রথম বছর বিজ্ঞানসাহিত্যের জনপ্রিয় লেখকদের সামগ্রিক অবদানের স্বীকৃতি প্রদানে মেহের কবীর বিজ্ঞানসাহিত্য পুরস্কার এবং পরবর্তী বছর শিশুসাহিত্যের জনপ্রিয় লেখকদের সামগ্রিক অবদানের স্বীকৃতি প্রদানে কবীর চৌধুরী শিশুসাহিত্য পুরস্কার প্রদান করে। ২০০৪ সাল থেকে এই পুরস্কার প্রদান করা হয়। পুরস্কারের অর্থমূল্য ১,০০,০০০.০০ (এক লক্ষ) টাকা। পুরস্কারের তহবিল বাংলা একাডেমি পরিচালনা করে। তহবিলের অর্থ ব্যাংকে মেয়াদি হিসাবে গচ্ছিত রাখা হয়েছে এবং এর মুনাফা থেকে প্রতি বছর পুরস্কার প্রদানের ব্যয় নির্বাহ করা হয়।

৯. মযহারুল ইসলাম কবিতা পুরস্কার

কবি, গবেষক, শিক্ষাবিদ প্রফেসর ড. মযহারুল ইসলামের পরিবার প্রদত্ত অর্থে ২০১০ সাল থেকে প্রতিবছর এবং ২০১৯ সাল থেকে প্রতি দ্বি-বর্ষে বাংলা একাডেমি মেধাবী ও খ্যাতিমান কবিদের অবদানের স্বীকৃতিস্বরূপ মযহারুল ইসলাম কবিতা পুরস্কার প্রদান করে। পুরস্কারের অর্থমূল্য ১,০০,০০০.০০ (এক লক্ষ) টাকা। পুরস্কারের তহবিল বাংলা একাডেমি পরিচালনা করে। তহবিলের অর্থ ব্যাংকে মেয়াদি হিসাবে গচ্ছিত রাখা হয়েছে এবং এর মুনাফা থেকে পুরস্কার প্রদানের ব্যয় নির্বাহ করা হয়।

১০. সাহিত্যিক মোহম্মদ বরকতুল্লাহ প্রবন্ধসাহিত্য পুরস্কার

বাংলা একাডেমির প্রতিষ্ঠাকালীন স্পেশাল অফিসার মোহম্মদ বরকতুল্লাহর কন্যা নীলুফার বেগম, জামাতা মাহবুব তালুকদার ও তাঁর পরিবারবর্গের প্রদত্ত অর্থে ২০১৭ সাল থেকে বাংলা একাডেমি প্রতি বছর সাহিত্যিক মোহম্মদ বরকতুল্লাহ প্রবন্ধসাহিত্য পুরস্কার প্রদান করে। বাংলাদেশের প্রবন্ধসাহিত্যে মননশীল মেধাবী প্রবন্ধকারদের/ সাহিত্যিকদের অবদানের স্বীকৃতি জ্ঞাপন ও সম্মানিত করাই এই পুরস্কার প্রদানের উদ্দেশ্য। পুরস্কারের অর্থমূল্য ১,০০,০০০.০০(এক লক্ষ) টাকা। পুরস্কারের তহবিল বাংলা একাডেমি পরিচালনা করে। তহবিলের অর্থ ব্যাংকে মেয়াদি হিসাবে গচ্ছিত রাখা হয়েছে এবং এর মুনাফা থেকে পুরস্কার প্রদানের ব্যয় নির্বাহ করা হয়।

১১. অধ্যাপক মমতাজউদদীন আহমদ নাট্যজন পুরস্কার

নাট্যকলাবিদ, লেখক, অভিনেতা, ভাষাসৈনিক, স্বাধীনতা-সংগ্রামী, অধ্যাপক মমতাজউদদীন আহমদের পরিবার প্রদত্ত অর্থে বাংলা একাডেমি ২০২১ সাল থেকে অধ্যাপক মমতাজউদদীন আহমদ নাট্যজন পুরস্কার প্রদান করে। প্রতি বছর একজন কৃতি নাট্যজনকে (মঞ্চনাটক রচনা/অভিনয়/নাট্য-নির্দেশনা/ আবহসংগীত /মঞ্চসজ্জা/আলোক-নিয়ন্ত্রণ/শব্দ-নিয়ন্ত্রণ/পোশাক-পরিকল্পনা/নাট্যসমালোচনা বিষয়ে) সার্বিক অবদানের জন্য এই পুরস্কার প্রদান করা হয়। পুরস্কারের অর্থমূল্য ১,০০,০০০.০০ (এক লক্ষ) টাকা। পুরস্কারের তহবিল বাংলা একাডেমি পরিচালনা করে। তহবিলের অর্থ ব্যাংকে মেয়াদি হিসাবে গচ্ছিত রাখা হয়েছে এবং এর মুনাফা থেকে পুরস্কার প্রদানের সার্বিক ব্যয় নির্বাহ করা হয়।

১২. রাবেয়া খাতুন কথাসাহিত্য পুরস্কার

'রাবেয়া খাতুন স্মৃতি পরিষদ'-এর প্রদত্ত অর্থে বিশিষ্ট কথাসাহিত্যিক রাবেয়া খাতুনের নামে বাংলা একাডেমি ২০২২ সাল থেকে রাবেয়া খাতুন কথাসাহিত্য পুরস্কার প্রবর্তন করে। প্রতি বছর একজন তরুণ (৪৯ বছর বয়স পর্যন্ত) ও একজন প্রবীণ (৫০ বছর বয়স ও তদূর্ধ্ব) কথাসাহিত্যিককে (উপন্যাস বা গল্প) এই পুরস্কার প্রদান করা হয়। তরুণ কথাসাহিত্যিককে পুরস্কার প্রদানের পূর্ববর্তী বছরে প্রকাশিত নতুন গ্রন্থের মূল্যায়ন পূর্বক এবং প্রবীণ কথাসাহিত্যিককে সামগ্রিক অবদানের স্বীকৃতি জ্ঞাপনে এই পুরস্কার প্রদান করা হয়। তরুণ কথাসাহিত্যিকের পুরস্কারের অর্থমূল্য ১,০০,০০০.০০ (এক লক্ষ) টাকা এবং প্রবীণ কথাসাহিত্যিকের পুরস্কারের অর্থমূল্য ২,০০,০০০.০০ (দুই লক্ষ) টাকা। পুরস্কারের তহবিল বাংলা একাডেমি পরিচালনা করে। তহবিলের অর্থ ব্যাংকে মেয়াদি হিসাবে গচ্ছিত রাখা হয়েছে এবং এর মুনাফা থেকে প্রতি বছর পুরস্কারের অর্থমূল্যসহ আনুষঙ্গিক ব্যয় নির্বাহ করা হয়।

১৩.আবু রুশ্‌দ সাহিত্য পুরস্কার

বিশিষ্ট কথাসাহিত্যিক, অনুবাদক, অধ্যাপক আবু রুশ্‌দ মতিন উদ্দিনের পরিবার প্রদত্ত অর্থে বাংলা একাডেমি ২০২৩ সাল থেকে আবু রুশ্‌দ সাহিত্য পুরস্কার প্রবর্তন করেছে।একবছর অনুবাদ সাহিত্যে এবং পরের বছর কথাসাহিত্যে আবু রুশ্‌দ সাহিত্য পুরস্কার প্রদান করা হবে।পুরস্কারের অর্থমূল্য ১,০০,০০০.০০ (এক লক্ষ) টাকা। পুরস্কারের তহবিল বাংলা একাডেমি পরিচালনা করে। তহবিলের অর্থ ব্যাংকে মেয়াদি হিসাবে গচ্ছিত রাখা হয়েছে এবং এর মুনাফা থেকে আবু রুশ্‌দ সাহিত্য পুরস্কার প্রদানের সার্বিক ব্যয় নির্বাহ করা হবে।

**খ. বাংলা একাডেমি সাম্মানিক ফেলাশিপ প্রদান :**

ভাষা, সাহিত্য, সংস্কৃতি, বিজ্ঞান, শিল্পকলা, সামাজিক বিজ্ঞান বা জ্ঞানের অন্য কোনো বিশেষায়িত ক্ষেত্রে গবেষণা সম্পাদন বা গুরুত্বপূর্ণ মৌলিক অবদান রয়েছে এমন ব্যক্তিদের চিহ্নিত করে তাঁদের স্বীকৃতি প্রদান ও স্মরণীয় করে রাখতে বংলা একাডেমি প্রতি বছর সাতজন বরেণ্য ব্যক্তিকে 'বাংলা একাডেমি সাম্মানিক ফেলোশিপ' প্রদান করে। সাধারণত বাংলাদেশের নাগরিকই সাম্মানিক ফেলোর যোগ্য বিবেচিত হন। তবে বাংলা ভাষা, সাহিত্য, সংস্কৃতি ও ঐতিহ্যের ক্ষেত্রে অসাধারণ কৃতিত্বের জন্য ভিন্ন দেশের নাগরিককেও বাংলা একাডেমি 'সাম্মানিক ফেলোশিপ' প্রদান করে।

**গ. ফেব্রুয়ারি মাসব্যাপী একুশে সেমিনার ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন :**

অমর একুশে বইমেলায় ফেব্রুয়ারি মাসব্যাপী আয়োজিত আলোচনা অনুষ্ঠানে বিভিন্ন বিষয়ের উপর (একাডেমি কর্তৃক নির্ধারিত) বিশিষ্ট গবেষক ও লেখকদের প্রবন্ধ উপস্থাপন, প্রবন্ধের উপর আলোচনা এবং সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্যে রয়েছে কবিকন্ঠে কবিতাপাঠ, আবৃত্তিশিল্পীদের আবৃত্তি, বৃন্দআবৃত্তি, নৃত্যানুষ্ঠান, নাটক, যাত্রা, সংগীত, পুথিপাঠ এবং বিভিন্ন সংগঠনের অংশগ্রহণে সাংস্কৃতিক অনুষ্ঠান।

**ঘ. সাহিত্যমেলা ২০২২ আয়োজন :**

মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশে বাংলা একাডেমির উদ্যোগে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায় বাংলাদেশের ৬৪টি জেলায় জেলা সাহিত্যমেলার আয়োজন করা হয়। পরবর্তীকালে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় বিভিন্ন জেলা প্রশাসনকে বাংলা একাডেমির সাথে সমন্বয় করে 'জেলা সাহিত্যমেলা' আয়োজনের নির্দেশনা দেয়। জেলা সাহিত্যমেলায় সংশ্লিষ্ট জেলার শিল্পসাহিত্য, নাট্য ও সংস্কৃতি বিষয়ে ৩টি প্রবন্ধ পাঠ করা হয়। সংশ্লিষ্ট জেলার কবি, সাহিত্যিকরা স্বরচিত কবিতা ও গদ্য তুলে ধরেন। নিবন্ধিত কবি, সাহিত্যিকরা প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণ করেন। এছাড়াও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। স্থানীয় লেখকদের জাতীয় পর্যায়ে তুলে ধরতে জেলা সাহিত্যমেলা ২০২২-এর গুরুত্ব অপরিসীম। পরবর্তীকালে বিভাগীয় সাহিত্যমেলা এবং উপজেলা সাহিত্যমেলা আয়োজনে বাংলা একাডেমির সংস্কৃতি উপবিভাগ সমন্বয়কের দায়িত্ব পালন করেছে।

**ঙ. প্রকাশনা :**

সংস্কৃতি উপবিভাগ প্রতিবছর অমর একুশে বইমেলায় মাসব্যাপী আয়োজিত অমর একশে সেমিনার-এর প্রবন্ধ নিয়ে প্রবন্ধ সংকলন প্রকাশ করে। জেলা সাহিত্যমেলার প্রাপ্ত প্রবন্ধ নিয়ে প্রবন্ধ ও গবেষণা সংকলনও সংস্কৃতি উপবিভাগ প্রকাশ করে। এর পাশাপাশি মহাপরিচালক মহোদয়ের নির্দেশনা অনুযায়ী অন্যান্য প্রকাশনাও সংস্কৃতি উপবিভাগ প্রকাশ করে।

**চ. জাতীয় অনুষ্ঠান ও কবি, সাহিত্যিকদের জন্মবার্ষিকীতে সাংবাৎসরিক অনুষ্ঠান আয়োজন :**

বাংলা একাডেমি বিভিন্ন জাতীয় দিবস উদযাপন, বছরব্যাপী নির্ধারিত ক্যালেন্ডার অনুযায়ী বাংলাদেশের প্রথিতযশা কবি, সাহিত্যিক, বুদ্ধিজীবীদের জন্ম ও মৃতুবার্ষিকীতে আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করে। এর পাশাপাশি প্রতি অর্থবছরে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের নির্দেশিত অনুষ্ঠানসমূহ সংস্কৃতি উপবিভাগ বাস্তবায়ন করে। সংস্কৃতি উপবিভাগের আয়োজিত আলোচনা অনুষ্ঠানের সাংবাৎসরিক তালিকা যুক্ত করা হলো।

## সাংবাৎসরিক অনুষ্ঠানের তালিকা :

| ক্রমিক | অনুষ্ঠানের নাম/বিষয় | তারিখ | জন্ম/মৃত্যুবার্ষিকী/অন্যান্য |
|---|---|---|---|
| ১ | ড. মুহম্মদ শহীদুল্লাহ্ | জন্ম : ১০ ই আগস্ট, ১৮৮৫/২৬ শে আষাঢ় | জন্মবার্ষিকী |
| ২ | বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর | মৃত্যু : ৬ ই আগস্ট , ১৯৪১/২২ শে শ্রাবণ ১৩৪৮ | মৃত্যুবার্ষিকী |
| ৩ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান | মৃত্যু : ১৫ ই আগস্ট ১৯৭৫/৩১ শে শ্রাবণ ১৩৮২ | শাহাদাতবার্ষিকী ও জাতীয় শোকদিবস |
| ৪ | জাতীয় কবি কাজী নজরুল ইসলাম | মৃত্যু : ২৭ শে আগস্ট ১৯৭৬/১২ ই ভাদ্র ১৩৮৩ | মৃত্যুবার্ষিকী |
| ৫ | লেখক শেখ হাসিনা | জন্মদিন : ২৮ শে সেপ্টেম্বর ১৯৪৭ | জন্মবার্ষিকী |
| ৬ | আবদুল করিম সাহিত্যবিশারদ | জন্ম : ১১ ই অক্টোবর ১৮৭১ /মৃত্যু : ৩০ শে সেপ্টেম্বর ১৯৫৩ | জন্মবার্ষিকী |
| ৭ | কবি শামসুর রাহমান | জন্ম : ২৩ শে অক্টোবর ১৯২৯/মৃত্যু : ১৭ ই আগস্ট ২০০৬ | জন্মবার্ষিকী |
| ৮ | মীর মশাররফ হোসেন | জন্ম : ১৩ ই নভেম্বর ১৮৪৭/মৃত্যু : ১৯১২ | জন্মবার্ষিকী |
| ৯ | বাংলা একাডেমির প্রতিষ্ঠাবার্ষিকী | ৩ রা ডিসেম্বর ১৯৫৫/১৯ শে অগ্রহায়ণ | প্রতিষ্ঠাবার্ষিকী বক্তৃতা ও সাংস্কৃতিক অনুষ্ঠান |
| ১০ | রোকেয়া দিবস | জন্ম : ৯ ই ডিসেম্বর ১৮৮০ /মৃত্যু : ৯ ই ডিসেম্বর ১৯৩২ | জন্মবার্ষিকী |
| ১১ | শহিদ বুদ্ধিজীবী দিবস | ১৪ ই ডিসেম্বর/৩০ শে অগ্রহায়ণ | আলোচনা অনুষ্ঠান |
| ১২ | মহান বিজয় দিবস | ১৬ ই ডিসেম্বর/২ রা পৌষ | আলোচনা ও সাংস্কৃতিকঅনুষ্ঠান |
| ১৩ | বাংলা একাডেমির বার্ষিক সাধারণ সভা | ডিসেম্বরের শেষ শুক্রবার/শনিবার | বার্ষিক সাধারণ সভায় সম্মানসূচক ফেলোশিপ ও বিভিন্ন পুরস্কার প্রদান |
| ১৪ | অমর একুশে বইমেলা | ১ লা ফেব্রুয়ারি থেকে ২৮ শে ফেব্রুয়ারি পর্যন্ত (মাসব্যাপী) | উদ্বোধন, সমাপনী, আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন ও পুরস্কার প্রদান |
| ১৫ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ভাষণ | ৭ ই মার্চ ১৯৭১/২৩ শে ফাল্গুন | আলোচনা অনুষ্ঠান |
| ১৬ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী ও জাতীয় শিশুদিবস পালন | জন্ম : ১৭ ই মার্চ ১৯২০/৩ রা চৈত্র | জন্মবার্ষিকী ও জাতীয় শিশুদিবস |
| ১৭ | গণহত্যা দিবস | ২৫ শে মার্চ ১৯৭১ | গণহত্যা দিবস |
| ১৮ | মহান স্বাধীনতা ও জাতীয় দিবস | ২৬ শে মার্চ | আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান |
| ১৯ | বাংলা নববর্ষ উদযাপন | ১৪ ই এপ্রিল (১লা বৈশাখ) | বর্ষবরণ ও নববর্ষের বক্তৃতা |
| ২০ | বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর | জন্ম : ৮ ই মে ১৮৬১ ইং/২৫ শে বৈশাখ ১২৬৮ | জন্মবার্ষিকী |
| ২১ | জাতীয় কবি কাজী নজরুল ইসলাম | জন্ম : ২৫ শে মে ১৮৯৯/১১ ই জ্যৈষ্ঠ ১৩০৬ | জন্মবার্ষিকী |
| ২২ | কবি জসীমউদদীন | জন্ম : ১ লা জানুয়ারি ১৯০৩/মৃত্যু : ১৩ ই মার্চ ১৯৭৬ | জন্মবার্ষিকী |
| ২৩ | শিল্পাচার্য জয়নুল আবেদীন | জন্ম : ২৯ শে ডিসেম্বর ১৯১৪/মৃত্যু : ২৮ শে মে ১৯৭৬ | জন্মবার্ষিকী |
| ২৪ | পটুয়া কামরুল হাসান | জন্ম : ২ রা ডিসেম্বর ১৯২১/মৃত্যু : ২ রা ফেব্রুয়ারি ১৯৮৮ | স্মরণসভা |
| ২৫ | মাইকেল মধুসূদন দত্ত | জন্ম : ২৫ শে জানুয়ারি ১৮২৪/মৃত্যু : ২৯ শে জুন ১৮৭৩ | স্মরণসভা |
| ২৬ | কবি আলাওল | জন্ম : ১৬০৭ (আনুমানিক)/মৃত্যু : ১৬৮০ (আনুমানিক) | স্মরণসভা |
| ২৭ | অধ্যাপক অজিত কুমার গুহ | জন্ম : ১৫ ই এপ্রিল ১৯১৪/মৃত্যু : ১২ ই নভেম্বর ১৯৬৯ | স্মরণসভা |
| ২৮ | আচার্য প্রফুল্লচন্দ্র রায় | জন্ম : ২ রা আগস্ট ১৮৬১/মৃত্যু : ১৬ ই জুন ১৯৪৪ | স্মরণসভা |
| ২৯ | শহিদ অধ্যাপক গোবিন্দচন্দ্র দেব | জন্ম : ১ লা ফেব্রুয়ারি ১৯০৭/মৃত্যু : ২৫ শে মার্চ ১৯৭১ | স্মরণসভা |
| ৩০ | কবি সিকানদার আবু জাফর | জন্ম : ১৯ শে মার্চ ১৯১৯/মৃত্যু : ৫ ই আগস্ট ১৯৭৫ | স্মরণসভা |
| ৩১ | কথাসাহিত্যিক সৈয়দ ওয়ালীউল্লাহ্ | জন্ম : ১৫ ই আগস্ট ১৯২২/মৃত্যু : ১০ ই অক্টোবর ১৯৭১ | স্মরণসভা |
| ৩২ | ড. মুহম্মদ এনামুল হক | জন্ম : ১৫ ই আগস্ট ১৯২২/মৃত্যু : ১০ ই অক্টোবর ১৯৭১ | স্মরণসভা |

| | | | |
|---|---|---|---|
| ৩৩ | শহিদ ধীরেন্দ্রনাথ দত্ত | জন্ম : ২ রা নভেম্বর ১৮৮৬/মৃত্যু : মার্চ ১৯৭১ | স্মরণসভা |
| ৩৪ | কবি মাহবুবউল আলম চৌধুরী | জন্ম : ৭ই নভেম্বর ১৯২৭/মৃত্যু : ২৩ শে ডিসেম্বর ২০০৭ | স্মরণসভা |
| ৩৫ | জাতীয় অধ্যাপক আনিসুজ্জামান | জন্ম : ১৮ ই ফেব্রুয়ারি ১৯৩৭/মৃত্যু : ১৪ ই মে ২০২০ | স্মরণসভা |
| ৩৬ | সব্যসাচী লেখক সৈয়দ শামসুল হক | জন্ম : ২৭ শে ডিসেম্বর ১৯৩৫/মৃত্যু : ২৭ শে সেপ্টেম্বর ২০১৬ | স্মরণসভা |

- এছাড়া, উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশে অন্যান্য অনুষ্ঠানের আয়োজন করা হয়।

**ছ. সদ্য প্রয়াত কবি, সাহিত্যিক, শিল্পী ও বুদ্ধিজীবীদের স্মরণ :**

মহাপরিচালক মহোদয়ের নির্দেশনানুযায়ী বাংলা একাডেমির ফেলো, খ্যাতিমান লেখক-শিল্পী ও বুদ্ধিজীবীদের সদ্য প্রয়াণে বাংলা একাডেমি শ্রদ্ধাঞ্জলি অর্পণ করে এবং তাঁদের স্মরণে স্মরণসভার আয়োজন করে।

## সংস্কৃতি উপবিভাগের সাম্প্রতিক অর্জন :

১. বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার ২০২২ প্রাপ্ত বরেণ্য সাহিত্যিকগণ :

| ক্রমিক | বিষয় | নাম |
|---|---|---|
| ১. | কবিতা | ১. ফারুক মাহমুদ |
| | | ২. তারিক সুজাত |
| ২. | কথাসাহিত্য | ১. তাপস মজুমদার |
| | | ২. পারভেজ হোসেন |
| ৩. | প্রবন্ধ/গবেষণা | মাসুদুজ্জামান |
| ৪. | অনুবাদ | আলম খোরশেদ |
| ৫. | নাটক | ১. মিলন কান্তি দে |
| | | ২. ফরিদ আহমদ দুলাল |
| ৬. | শিশুসাহিত্য | ধ্রুব এষ |
| ৭. | মুক্তিযুদ্ধ-ভিত্তিক গবেষণা | মুহাম্মদ শামসুল হক |
| ৮. | বঙ্গবন্ধু-বিষয়ক গবেষণা | সুভাষ সিংহ রায় |
| ৯. | বিজ্ঞান/কল্পবিজ্ঞান/পরিবেশ বিজ্ঞান | মোকারম হোসেন |
| ১০. | আত্মজীবনী/স্মৃতিকথা/ভ্রমণকাহিনি | ইকতিয়ার চৌধুরী |
| ১১. | ফোকলোর | ১. আবদুল খালেক |
| | | ২. মুহম্মদ আবদুল জলিল |

২. সৈয়দ ওয়ালীউল্লাহ্ সাহিত্য পুরস্কার ২০২২ প্রাপ্ত লেখক ও গবেষক :

পুরস্কার প্রাপক : ক. জসিম মল্লিক ও
খ. ক্যারোলিন রাইট

৩. কবি জসীমউদ্দীন সাহিত্য পুরস্কার ২০২৩ প্রাপ্ত লেখক :

পুরস্কার প্রাপক : মোহাম্মদ রফিক

৪. রবীন্দ্র পুরস্কার ২০২৩ প্রাপ্ত লেখক :

পুরস্কার প্রাপক : শিল্পী শীলা মোমেন

৫. নজরুল পুরস্কার ২০২৩ প্রাপ্ত লেখক :

পুরস্কার প্রাপক : শিল্পী শাহীন সামাদ

৬. সা'দত আলি আখন্দ সাহিত্য পুরস্কার ২০২২ প্রদান
পুরস্কার প্রাপক : গবেষক ইসরাইল খান

৭. কবীর চৌধুরী শিশুসাহিত্য পুরস্কার ২০২২ প্রদান :
পুরস্কার প্রাপক : জনাব সিরাজুল ফরিদ

৮. সাহিত্যিক মোহাম্মদ বরকতুল্লাহ প্রবন্ধসাহিত্য পুরস্কার ২০২২ প্রদান :
পুরস্কার প্রাপক : ড. রাজিয়া সুলতানা

৯. অধ্যাপক মমতাজউদদীন আহমদ নাট্যজন পুরস্কার ২০২২ প্রদান :
পুরস্কার প্রাপক : নাট্যকার, অভিনেতা মামুনুর রশীদ

১০. রাবেয়া খাতুন কথাসাহিত্য পুরস্কার ২০২২ প্রদান :
ক. জ্যোতিপ্রকাশ দত্ত (সামগ্রিক অবদানের মূল্যায়নে)
খ. স্বকৃত নোমান (২০২১ সালে প্রকাশিত গ্রন্থ : উজানবাঁশী)

১১. বাংলা একাডেমি সাম্মানিক ফেলোশিপ ২০২২ প্রাপ্ত সাত বিশিষ্টজন :

১. অধ্যাপক আ আ ম স আরেফিন সিদ্দিক –শিক্ষা
২. ড. মোহাম্মদ আলী রেজা খান – বিজ্ঞান
৩. অধ্যাপক ডা. মোঃ জাকির হোসেন –চিকিৎসা
৪. জনাব নাসির আলী মামুন –আলোকচিত্রশিল্পী
৫. জনাব হামিদুজ্জামান খান –ভাস্কর্য ও চিত্রকলা
৬. জনাব জয়ন্ত চট্টোপাধ্যায় –সংস্কৃতি
৭. ডা. সেলিনা হায়াৎ আইভী –সমাজসেবা

১২. প্রকাশনা :

| ক্রমিক | বইয়ের নাম | লেখক/সম্পাদক | বিষয় |
|---|---|---|---|
| ১. | বঙ্গজাতিমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিব ৯২তম জন্মবার্ষিকীর শ্রদ্ধা | প্রধান সম্পাদক : মুহম্মদ নূরুল হুদা | সংকলন |
| ২. | একুশে প্রবন্ধ ২০২১ | সম্পাদক : মুহম্মদ নূরুল হুদা | প্রবন্ধ সংকলন |
| ৩. | জেলা সাহিত্যমেলা ২০২২ প্রথম খণ্ড | প্রধান সম্পাদক : মুহম্মদ নূরুল হুদা | প্রবন্ধ ও গবেষণা |
| ৪. | জেলা সাহিত্যমেলা ২০২২ দ্বিতীয় খণ্ড | প্রধান সম্পাদক : মুহম্মদ নূরুল হুদা | প্রবন্ধ ও গবেষণা |
| ৫. | জেলা সাহিত্যমেলা ২০২২ তৃতীয় খণ্ড | প্রধান সম্পাদক : মুহম্মদ নূরুল হুদা | প্রবন্ধ ও গবেষণা |

## সংস্কৃতি উপবিভাগের ফোকালপয়েন্ট :

ড. মুহাম্মদ মোজাম্মেল হক
সহপরিচালক, সংস্কৃতি উপবিভাগ
বাংলা একাডেমি, ঢাকা।
মোবাইল নম্বর : ০১৭১৭৮৭৩৩৪৪
ই-মেইল নম্বর : mhtetu@gmail.com,
cultureba.jsm@ gmail.com

## মিলনায়তন উপবিভাগের কার্যাবলি :

সংস্কৃতি, পত্রিকা ও মিলনায়তন বিভাগের অন্তর্গত মিলনায়তন উপবিভাগ।এই উপবিভাগ ১টি মিলনায়তন, ১টি সেমিনার কক্ষ ও ১টি সভাগৃহ পরিচালনা করে।এ সব মিলনায়তনে বাংলা একাডেমির নিজস্ব অনুষ্ঠান আয়োজনের পাশাপাশি বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্ঠান/সংস্থা/সংগঠনকে ভাড়া প্রদান সাপেক্ষে অনুষ্ঠান আয়োজনে জন্য বরাদ্দ প্রদান করা হয়।

১. আবদুল করিম সাহিত্যবিশারদ মিলনায়তন :

মিলনায়তনটি ড. মুহম্মদ শহীদুল্লাহ্ ভবনের নিচতলায় অবস্থিত।এটি ৫০০ (পাঁচশত)আসনবিশিষ্ট সম্পূর্ণ শীতাতপ নিয়ন্ত্রিত একটি আধুনিক মিলনায়তন।মিলনায়তনে নিজস্ব সাউন্ডসিস্টেম ও মঞ্চলাইটের ব্যবস্থা রয়েছে।অতিথিদের গাড়িপার্কিং-এর (নিয়ন্ত্রিত) সুব্যবস্থা আছে।এই মিলনায়তনটির ভাড়া (বিদ্যমান সাউন্ডসিস্টেম ও মঞ্চলাইটসহ) ৭৭,৫০০.০০ (সাতাত্তর হাজার পাঁচশত)টাকা দিনব্যাপী (৮ঘন্টা)এবং অর্ধদিবস(৪ ঘন্টা)৫৪,৫০০.০০(চুয়ান্ন হাজার পাঁচশত) টাকা।ভাড়ার সাথে ১৫% ভ্যাট অন্তর্ভুক্ত রয়েছে।

২. কবি শামসুর রাহমান সেমিনার কক্ষ : সেমিনার কক্ষটি ড. মুহম্মদ শহীদুল্লাহ্ ভবনের নিচতলায় অবস্থিত।এটি ১০০(একশত)আসনবিশিষ্ট সম্পূর্ণ শীতাতপ নিয়ন্ত্রিত একটি আধুনিক সেমিনার কক্ষ।উক্ত কক্ষে নিজস্ব সাউন্ডসিস্টেম ও মঞ্চলাইটের ব্যবস্থা বিদ্যমান।একাডেমি প্রাঙ্গণে অতিথিদের গাড়িপার্কিং-এর (নিয়ন্ত্রিত) সুব্যবস্থা আছে। সেমিনার কক্ষটির ভাড়া (বিদ্যমান সাউন্ডসিস্টেম ও মঞ্চলাইটসহ) ২০,০০০.০০ (বিশ হাজার) টাকা।দিনের যেকোনো সময়ের জন্য পূর্ণ দিবসের ভাড়া প্রযোজ্য হবে।ভাড়ার সাথে ১৫% ভ্যাট অন্তর্ভুক্ত রয়েছে।


৩. সৈয়দ ওয়ালীউল্লাহ্ সভাগৃহ : কবি জসীমউদদীন ভবনের দ্বিতীয় তলায় অবস্থিত।এটি ১৫০ (একশত পঞ্চাশ) আসনবিশিষ্ট সম্পূর্ণ শীতাতপ নিয়ন্ত্রিত একটি আধুনিক সভাগৃহ।সভাগৃহে নিজস্ব সাউন্ডসিস্টেম ও মঞ্চলাইটের ব্যবস্থা বিদ্যমান।একাডেমি প্রাঙ্গণে অতিথিদের গাড়িপার্কিং-এর (নিয়ন্ত্রিত) সুব্যবস্থা আছে।সভাগৃহটির ভাড়া (বিদ্যমান সাউন্ডসিস্টেম ও মঞ্চলাইটসহ) ২৫,০০০.০০ (পঁচিশ হাজার) টাকা।দিনের যেকোনো সময়ের জন্য পূর্ণ দিবসের ভাড়া প্রযোজ্য হবে।ভাড়ার সাথে ১৫% ভ্যাট অন্তর্ভুক্ত রয়েছে।

উল্লেখ্য, আবদুল করিম সাহিত্যবিশারদ মিলনায়তন, কবি শামসুর রাহমান সেমিনার কক্ষ এবং সৈয়দ ওয়ালীউল্লাহ্ সভাগৃহ বাংলা একাডেমি প্রচলিত নীতিমালা অনুযায়ী বরাদ্দ প্রদান করে।


## মিলনায়তন উপবিভাগের ফোকালপয়েন্ট :

জনাব এস এম জাহাঙ্গীর কবীর
সহপরিচালক
সংস্কৃতি, পত্রিকা ও মিলনায়তন বিভাগ
বাংলা একাডেমি, ঢাকা।
মোবাইল নম্বর : ০১৭১৬৬২৬৪৩৬
ই-মেইল নম্বর : jahangir_kbr@yahoo.com,
teehakabir@gmail.com

সংস্কৃতি, পত্রিকা ও মিলনায়তন বিভাগের পরিচালকের নাম ও যোগাযোগের ঠিকানা :
ড. সরকার আমিন
পরিচালক (চলতি দায়িত্ব)
সংস্কৃতি, পত্রিকা ও মিলনায়তন বিভাগ
বাংলা একাডেমি, ঢাকা
মোবাইল : ০১৭১৬৪২৬৫৯৫
ইমেইল নম্বর : cultureba.jsm@ gmail.com
uttaradhikar2018@ gmail.com



(মুর্শিদা পারভীন)
সহপরিচালক
সংস্কৃতি উপবিভাগ
বাংলা একাডেমি, ঢাকা
মোবাইল : ০১৭১১০৫৩৭০৮



(ড.মোঃ শরিফুল ইসলাম)
উপপরিচালক
সংস্কৃতি উপবিভাগ
বাংলা একাডেমি, ঢাকা
মোবাইল : ০১৮৩০২০৩৩২২
ইমেইল : cultureba.jsm@ gmail.com